



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

১৯ অক্টোবর, ২০১৬

## প্রেসবিজ্ঞপ্তি

### ‘নারী ও শিশু নির্যাতন: মেডিকোলিগ্যাল (ডাক্তারী) পরীক্ষা’ শীর্ষক আলোচন সভায় বক্তারা মেডিকোলিগ্যাল বিষয়ে একটি সমন্বিত আইন প্রণয়নের দাবী জানান

আজ ১৯ অক্টোবর, ২০১৬ বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর উদ্দেয়গে ‘নারী ও শিশু নির্যাতন: মেডিকোলিগ্যাল (ডাক্তারী) পরীক্ষা’ শীর্ষক একটি আলোচন সভা ঢাকার বিলিয়ার্স সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায়  
সম্বলিত হিসেবে দায়িত্ব পালন করেন বিশিষ্ট ফরেনসিক বিজ্ঞানী প্রফেসর ডাঃ মোজাহেরুল হক।

নারী পক্ষের সদস্য রীতা দাশ রায় স্বাস্থ্য মন্ত্রণালয় প্রণীত গাইড লাইন সম্পর্কিত আলোচনা করেন, বাংলাদেশের  
মেডিকোলিগ্যাল ব্যবস্থা সম্পর্কিত আলোচনা করেন মেডিকোলিগ্যাল সোসাইটি সভাপতি প্রফেসর ডাঃ আ ম সেলিম রেজা  
এবং বাংলাদেশে মেডিকোলিগ্যাল পরীক্ষা সংক্রান্ত আলোচনা করেন ডেল্টা মেডিকেল কলেজ-এর অধ্যক্ষ প্রফেসর ডাঃ  
জাহেদুল করিম আহমেদ। সভার উদ্দেশ্য ও প্রেক্ষাপট তুলে ধরেন ব্লাস্টের অনারারী নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা  
হোসেন।

সভায় মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন প্রথম আলোর যুগ্ম সম্পাদক মিজানুর রহমান খান এবং নির্ধারিত আলোচক  
হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মানবাধিকার কমিশন-এর সদস্য নুরুল্লাহার ওসমানী, অবসরপ্রাপ্ত জেলাজজ লুৎফা বেগম,  
ঢাকা মেট্রোপলিটন পুলিশের উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন-এর এডিশনাল ডেপুটি কমিশনার আসমা  
সিদ্দিকা মিলি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৫-এর পাবলিক প্রসিকিউটর এডভোকেট আলী আসগর স্বপন এবং  
আসক-এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক নূর খান লিটন।

ডিএমপি'র উইমেন সাপোর্ট এন্ড ইনভেস্টিগেশন ডিভিশন-এর এডিশনাল ডেপুটি কমিশনার আসমা সিদ্দিকা মিলি তার  
বক্তব্যে বলেন, “নারী ও শিশু নির্যাতন সম্পর্কিত মামলার আলামত সংগ্রহ ও সংরক্ষণের সুনির্দিষ্ট ও বিজ্ঞানসম্মত পক্রিয়া  
থাকা প্রয়োজন।”

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর এডভোকেট আলী আসগর স্বপন বক্তব্যে বলেন, “  
মেডিকোলিগ্যাল বিষয়ে প্রসিকিউটরদের যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।”

আসক এর ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক নূর খান লিটন বলেন, “নারী ও শিশু নির্যাতনের অভিযোগ গ্রহণকারী পুলিশ  
কর্মকর্তাদের মানবাধিকার সংবেদনশীলতা ও কাউন্সেলিং সম্পর্কে যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন।”

প্রথম আলো পত্রিকার যুগ্ম সম্পাদক মিজানুর রহমান খান বলেন, “মেডিকোলিগ্যাল পরীক্ষা বিষয়ক খসড়া দিক নির্দেশনার  
অধ্যন্তরে আদালতের করণীয় বিষয়গুলো সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেল অফিসের মাধ্যমে প্রশাসনিক আদেশ আকারে  
প্রেরণের ব্যবস্থা করার জন্য আদালতে আবেদন করা যেতে পারে।”

সভায় বিচারক, সরকারী সেবা প্রদানকারী সংস্থা, মানবাধিকার কর্মী, সাংবাদিক ও আইনজীবী সহ মোট ৫২ জন বিশেষজ্ঞ  
ব্যক্তি উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

বার্তা প্রেরক

মাহবুবা আকতার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: [mahbuba@blast.org.bd](mailto:mahbuba@blast.org.bd)